

স্মারক নং:- ৪১.০১.৯১৬২.০০০.১৬.০০৯.২২.৩৭৮

তারিখ:- ৩১-১২-২০২৪ ইং ।

বিষয়:- চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচীর আওতায় এককালীন নগদ সহায়তা জিটুপি পদ্ধতিতে প্রদানের নিমিত্ত ২০২৪-২৫ অর্থবছরে এমআইএস-এ এন্টিকৃত তালিকা থেকে চূড়ান্ত সুবিধাভোগী চিহ্নিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চা-শ্রমিকদের নগদ সহায়তা প্রদান কর্মসূচি বর্তমানে জিটুপি পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সিলেট সদর উপজেলার এমআইএস-এ এন্টিকৃত জনের তালিকা থেকে প্রাপ্ত বরাদ্দের অনুকূলে অনুমোদিত ২৬৪৬ জনের তালিকা হতে বিগত ২৩-১২-২০২৪ ইং তারিখের উপজেলা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী মৃত ও অবসর প্রাপ্ত শ্রমিকদেরকে বাদ দিয়ে অপেক্ষমান জনের তালিকা থেকে প্রতিস্থাপন করে বরাদ্দ অনুযায়ী ২৬৪৬ জনের তালিকা চূড়ান্ত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা তার মনোনীত সংশ্লিষ্ট ইউপি সদস্য এর সহযোগিতায় চা-বাগান ব্যবস্থাপক ও চা-বাগান পঞ্চায়েত কমিটির সমন্বয়ে একটি সুষ্ঠু ও চূড়ান্ত তালিকা প্রণয়ন করা প্রয়োজন। নীতিমালার নিম্নোক্ত মানদণ্ড অনুসরণ পূর্বক আপনার আওতাধীন চা-বাগানের জনের তালিকা থেকে মৃত ও অবসর প্রাপ্ত শ্রমিক বাদ দিয়ে অপেক্ষমান জন শ্রমিক থেকে বাছাই করে সর্বমোট জন শ্রমিকের চূড়ান্ত তালিকা সম্পন্ন করে আগামী ২৬-০১-২০২৫ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।

প্রার্থী নির্বাচনের মানদণ্ড নিম্নরূপ:-

- * সর্বোচ্চ দুঃস্থ ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- * নারী শ্রমিককে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- * নিঃস্ব, উদ্ভাস্ত ও ভূমিহীনকে অগ্রাধিকার দিতে হবে।
- * চা-শ্রমিকদের মধ্যে বয়োজ্যেষ্ঠ, বিধবা, তালাকপ্রাপ্ত, বিপত্তীক, নিঃসন্তান, পরিবার থেকে বিচ্ছিন্ন ব্যক্তিদেরকে ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে।
- * সংশ্লিষ্ট চা-বাগানে কর্মরত চা-শ্রমিক হতে হবে।
- * এমআইএস-এ এন্টিকৃত পি.এফ নম্বর ধারীদের তালিকা থেকে বাছাই করতে হবে।
- * একই পরিবারের একাধিক সদস্য বাছাই থেকে বিরত থাকা।
- * সর্বনিম্ন ১৮ বছর বয়স হতে হবে।
- * সরকার কর্তৃক পূর্বে অন্য কোনো নিয়মিত সুবিধা বা আর্থিক অনুদান পায় নাই এমন শ্রমিক কে অগ্রাধিকার দিতে হবে।

সংযুক্ত:- ১। বাগান ভিত্তিক এমআইএস-এ অনুমোদিত তালিকা পাতা।

২। বাগান ভিত্তিক এমআইএস-এ অপেক্ষমান তালিকা পাতা।



(নুসরাত-এ-ইলাহী)

উপজেলা সমাজসেবা অফিসার

সিলেট সদর, সিলেট

☎ ০২৯৯৬৬৪২৭১৪

✉ ussadarsyl@gmail.com

বিতরণ :-

- ১। ব্যবস্থাপক (লাকাতুরা, দলদলি, কেওয়াছড়া, মালনীছড়া, হিলুয়াছড়া, খাদিম চা-বাগান, বুরজান, বুরজান চা-কারখানা, কালাগুল, ছড়াগাং, আলীবাহার ও তারাপুর) চা-বাগান
- ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (খাদিম নগর ও টুকের বাজার ইউনিয়ন পরিষদ)
- ৩। পঞ্চায়েত সভাপতি (লাকাতুরা, দলদলি, কেওয়াছড়া, মালনীছড়া, হিলুয়াছড়া, খাদিম চা-বাগান, বুরজান, বুরজান চা-কারখানা, কালাগুল, ছড়াগাং, আলীবাহার ও তারাপুর) চা-বাগান

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:-

- ১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট।
- ৩। অফিস কপি